

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১২

তারিখ: ২ চৈত্র ১৪২৬  
১৬ মার্চ ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১৬ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:  
দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.৫	২৮.০	৩৬.৭	৩৩.০	২৬.৫	৩০.৮	৩২.৬	৩৪.০
সর্বনিম্ন তাপমাত্রা	১৮.০	১৮.৭	১৯.০	১৭.০	১৭.৫	১৪.০	১৭.৫	১৯.৬

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩৬.৭° এবং আজকের সর্বনিম্ন তেঁতুলিয়া ১৪.০°সেঃ।

অগ্নিকান্ড

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৪/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৫/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৫৮টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	৪	০
২।	ময়মনসিংহ	৩	০	০
৩।	বরিশাল	৩	০	০
৪।	সিলেট	২	০	০
৫।	রাজশাহী	১	০	০

৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	৭	০	০
৮।	খুলনা	৬	০	০
	মোট	৩১	৪	০

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। **রাজবাড়ীঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ১৫.০৩.২০২০ তারিখ দুপুর ০৩.০০ টায় রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার ব্যাপীপাড়ার একটি বাসা বাড়ীতে অগ্নিকান্ড সংঘটিত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ৩ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন লাগার কারণ জানা যায়নি। অগ্নিকান্ডে এক ব্যক্তি সামান্য আহত হয়েছে। আহত ব্যক্তির নাম ঠিকানা জানা যায় নি।

২। **ফরিদপুরঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ১৫.০৩.২০২০ তারিখ দুপুর ২.০২ টার সময় ফরিদপুর জেলার মধুখালী এলাকার একটি বসতবাড়ীতে অগ্নিকান্ড সংঘটিত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে বিকাল ৩.৪৫টায় আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন লাগার কারণ জানা যায়নি। অগ্নিনির্বাপনের সময় মাদকাসক্ত ও নেশাগ্রস্থ এক ব্যক্তির আক্রমণে ফায়ার সার্ভিসের ৩ কর্মী সামান্য আহত হয়।

## করোনা ভাইরাসঃ

সম্প্রতি পৃথিবীব্যাপী সংক্রমিত করোনা ভাইরাসের কারণে বিদেশ হতে বিমানযোগে বাংলাদেশে আগত যাত্রীদের স্থায়ী হাজী ক্যাম্পে অবস্থান সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১৪.০৩.২০২০ খ্রিঃ তারিখে ১৫০ জন যাত্রী হাজী ক্যাম্পে আগমন করেন। তাঁদেরকে স্বাস্থ্যসেবা বিভাগের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করা হয়। তাঁদের মধ্যে ১২২ জন রাতেই হাজী ক্যাম্প ত্যাগ করেন। অবশিষ্ট ২৮ জন পরের দিন (১৫.০৩.২০২০ তারিখ) সকালে হাজী ক্যাম্প ত্যাগ করেন।

১৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে নতুন করে ২৩২ জন যাত্রী হাজী ক্যাম্পে আগমন করেন। তাঁদেরকে স্বাস্থ্যসেবা বিভাগের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইডিসিআর) কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করা হয়। তাঁদের মধ্যে ৯০ জন হাজী ক্যাম্প ত্যাগ করেন। নতুন করে আরও ৭৮ জন যাত্রী হাজী ক্যাম্পে আগমন করেন। তাঁদেরকেও স্বাস্থ্যসেবা বিভাগের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করা হয়। তারা সবাই রাতেই হাজী ক্যাম্প ত্যাগ করেন। বর্তমানে হাজী ক্যাম্পে কেউ অবস্থান করছেন না।

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে হাজী ক্যাম্পে অবস্থানরতদের বিষয়ে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য ৪টি কমিটি গঠন করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক হাজী ক্যাম্পে অবস্থানরতদের জন্য বিছানাপত্র ও প্রয়োজনীয় অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহ করা হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক হাজী ক্যাম্পে অবস্থানরতদের জন্য ৪ বেলা (সকাল, দুপুর, বিকাল ও রাত) খাদ্যসামগ্রী সরবরাহ করা হয়।

১৬-৩-২০২০

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১  
এনডিআরসিসি অনুবিভাগ  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪১২/১(৮৯)

তারিখ: ২ চৈত্র ১৪২৬  
১৬ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (সকল)
- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



১৬-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)